

AKASHVANI (AIR)

RNU : KOLKATA

Bengali Text Bulletin

Date: 21.11.2024

Time: 7.35 A.M.

বিশেষ বিশেষ খবর –

১) মুরলিধর শর্মার জায়গায় কলকাতা পুলিশের অতিরিক্ত কমিশনার হয়েছেন ডক্টর প্রণব কুমার।

রাজ্য পুলিশের শীর্ষস্তরে আরও বেশকিছু রদবদল।

২) রাজ্যের জন্য বিভিন্ন খাতে ব্যয় বরাদ্দ এবং রাজস্ব বন্টনের হার বিষয়ে আলোচনা করতে ষোড়শ অর্থ কমিশনের সদস্যরা পশ্চিমবঙ্গে আসছেন।

৩) রাজ্য সরকারের জন্য ১৩-টি পরিবেশ বান্ধব ভেসেল নির্মাণ করছে গার্ডেনরিচ শিপ বিল্ডার্স অ্যান্ড ইঞ্জিনিয়ার্স।

৪) সিবিএসই-র দশম ও দ্বাদশ শ্রেণির আগামী বছরের পরীক্ষার পূর্ণাঙ্গ সময়সূচি প্রকাশিত।

৫) ৫৫তম আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের মঞ্চ থেকে 'প্রসার ভারতী'-র ওটিটি প্ল্যাটফর্ম ওয়েভস-এর উদ্বোধন হয়েছে।

oooooooooooooooooooooooooooo

রাজ্য পুলিশের শীর্ষ স্তরে বেশ কিছু রদবদল করা হয়েছে। দীর্ঘদিন পর রাজ্য পুলিশে বদলি করা হয়েছে কলকাতা পুলিশের অতিরিক্ত কমিশনার মুরলিধর শর্মাকে। তিনি ব্যারাকপুর পুলিশ ট্রেনিং একাডেমির আইজি পদের দায়িত্ব পেয়েছেন। ওই পদে থাকা ডঃ প্রণব কুমারকে কলকাতা পুলিশের অতিরিক্ত কমিশনার করা হয়েছে। হাওড়া গ্রামীণ জেলার নতুন পুলিশ সুপার হচ্ছেন সুবিমল পাল। তিনি ছিলেন হাওড়া পুলিশ কমিশনারেটের ডিসি সেন্ট্রাল। হাওড়া গ্রামীণের পুলিশ সুপারের পদে থাকা স্বাতী ভাঙ্গালিয়াকে সাইবার সুরক্ষা বিভাগের পুলিশ সুপার করা হয়েছে। হাওড়া পুলিশ কমিশনারেটের ডিসি সাউথ বিশ্বজিৎ মাহাতো ওই কমিশনারেটের ডিসি সেন্ট্রাল পদে এসেছেন। রাজ্য পুলিশের আইবি সুরিন্দর সিং হয়েছেন হাওড়া পুলিশ কমিশনারেটের নতুন ডিসি সাউথ।

oooooooooooooooooooooooooooo

এদিকে, পুলিশ আধিকারিক ও কর্মীদের বদলি সংক্রান্ত আবেদনের জন্য ই হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট পোর্টাল ডিসেম্বরে খুলে যাচ্ছে। আগে হাতে লিখে বদলির আবেদন করতে হতো। একদিকে যেমন তা ছিল সময় সাপেক্ষ তেমনই প্রক্রিয়ার স্বচ্ছতা নিয়েও প্রশ্ন উঠতো। নতুন ব্যবস্থায় অনলাইনে বদলির আবেদন জানাতে পারবেন পুলিশ কর্মীরা। প্রতি বছর ডিসেম্বর মাসে ই HRMS পোর্টালের উইন্ডো খোলার পর ৩০ দিনের মধ্যে আবেদন জানাতে হবে। জেলা পুলিশ সুপার বা ইউনিট হেড সেই আবেদন খতিয়ে দেখে ১০ দিনের মধ্যে মতামত জানাবেন। এরপর সেই মতামতের উপরে ভিত্তি করে সংশ্লিষ্ট আইজি বা ডিআইজি বদলি সংক্রান্ত বিষয়গুলি কার্যকরী করবেন। কোনো কর্মী বিশেষ প্রয়োজনে বদলি চাইলে তাকে নির্দিষ্ট নথি পেশ করতে হবে।

oooooooooooooooooooooooooooo

রাজ্যের জন্য বিভিন্ন খাতে ব্যয় বরাদ্দ ও রাজস্ব বন্টনের হার সংক্রান্ত বিষয়ে আলোচনা করতে ষোড়শ অর্থ কমিশনের সদস্যরা রাজ্যে আসছেন। প্রাথমিক চিকিৎসা, পানীয় জল খাতে অর্থ বরাদ্দ সহ নানা বিষয়ে আলোচনা হবে। আগামী মাসের শুরুতেই কমিশনের প্রতিনিধিরা রাজ্যে এসে মুখ্যসচিব মনোজ পন্থ, অর্থমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য, অর্থ সচিব প্রভাত মিশ্রর সঙ্গে বৈঠক করবেন বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে। পঞ্চদশ অর্থ কমিশন রাজ্যের জন্যে যে অর্থ বরাদ্দ করেছিল তার খরচ নিয়েও কথা হতে পারে।

উল্লেখ্য কেন্দ্রীয় সরকার, নীতি আয়োগের প্রাক্তন ভাইস চেয়ারম্যান অরবিন্দ পানাগরিয়ার নেতৃত্বে মোট ৫ সদস্যর ষোড়শ অর্থ কমিশন গঠন করেছে। ২০২৬-২৭ অর্থ বছর থেকে তাদের সুপারিশগুলি কার্যকর করা হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রের অধীন নির্মাণ সংস্থা গার্ডেনরিচ শিপ বিল্ডার্স অ্যান্ড ইঞ্জিনিয়ার্স বা জিআরএসই রাজ্য সরকারের জন্য পরিবেশ বান্ধব ভেসেল নির্মাণ করবে। জিআরএসই-র সঙ্গে রাজ্য পরিবহন দপ্তরের স্বাক্ষরিত চুক্তি অনুযায়ী, ১৩টি পরিবেশবান্ধব হাইব্রিড ভেসেল কলকাতা ও হাওড়ার মধ্যে চলাচল করবে।

সংস্থার তরফে এক বিবৃতিতে জানানো হয়েছে, ব্যাটারি চালিত এই ভেসেলে পরিবেশ দূষণ অনেকাংশেই কম হবে। ১৩টির মধ্যে ৬টি ভেসেল ৩০মিটার লম্বা এবং প্রায় ১০ মিটার চওড়া হবে। সেখানে ২০০জন যাত্রী চলাচল করতে পারবে এবং দুটি ডেক থাকবে। এর মধ্যে একটি ডেক শীতাতপ নিয়ন্ত্রিত। এই ছটি ভেসেল নির্মাণে প্রায় ১২৬কোটি টাকা খরচ হবে। ১০০জন যাত্রী ধারণ ক্ষমতাসম্পন্ন বাকি সাতটি ভেসেল ২৫মিটার লম্বা ও ৮মিটার চওড়া হবে। এগুলি নির্মাণে প্রায় ১০০ কোটি টাকা খরচ

হবে। যেসব ফেরিঘাট থেকে ভেসেলগুলি ছাড়বে, সেখানেই তৈরি হবে চার্জিং স্টেশন। পরবর্তীকালে দক্ষিণেশ্বর ও বেলুড়েও এই পরিষেবা চালু হবে। ভেসেলগুলি যেকোনো আবহাওয়ায় চলতে সক্ষম বলে জিআরএসই সূত্রে জানা গেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলনের আগে ক্ষুদ্রশিল্পের প্রসারের লক্ষ্যে আগামী মাসে রাজ্য জুড়ে চলবে শিল্পের সমাধান কর্মসূচি। রাজ্য ক্ষুদ্র শিল্প দফতরের উদ্যোগে ২০শে ডিসেম্বর পর্যন্ত রাজ্যের প্রতিটি ব্লক এবং পুর এলাকায় এই শিবিরের আয়োজন করা হবে। ভবিষ্যৎ ক্রেডিট কার্ড থেকে শুরু করে অতিক্ষুদ্র, ক্ষুদ্র, মাঝারি এবং বস্ত্রশিল্পের সঙ্গে যুক্ত রাজ্যের বিভিন্ন প্রকল্পের জন্য এই শিবিরে আবেদন করা যাবে। করা হবে প্রকল্প সংক্রান্ত সমস্যার সমাধানও। মুখ্যসচিব মনোজ পন্থ সম্প্রতি এই কর্মসূচি নিয়ে ক্ষুদ্রশিল্প সচিব রাজেশ পাণ্ডে সহ দফতরের কর্তাদের সঙ্গে একটি বৈঠক করেন। ব্লক স্তরের পর কলকাতায় রাজ্য স্তরে অনুষ্ঠানের আয়োজন করা হবে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জিও সেই অনুষ্ঠানে যোগ দেবেন বলে খবর।

০০০০০০০০০০০০০০০০০০০০০

পর্যটকরা যাতে প্রয়োজনীয় পরিষেবা সঠিকভাবে পান তা নিশ্চিত করতে হোমস্টেগুলির মালিক ও কর্মীদের প্রশিক্ষণ দেওয়ার লক্ষ্যে চালু হচ্ছে ভিডিও কোর্স। সার্বিক পরিষেবা, পরিকাঠামো, আবর্জনা প্রক্রিয়াকরন থেকে শুরু করে স্থানীয় সংস্কৃতিকে পর্যটকদের সামনে তুলে ধরতে রাজ্যের কারিগরী শিক্ষা দপ্তর, উতকর্ষ বাংলা প্রকল্পের আওতায় ভিডিওগ্রাফির মাধ্যমে কোর্সের বিষয়বস্তু তৈরি করছে। এর অঙ্গ হিসেবে উত্তরবঙ্গের চা বাগান , পাহাড় এবং তরাই এলাকায় চিত্রগ্রহণের পাশাপাশি বিভিন্ন ক্ষেত্রে বিশেষজ্ঞদের পরামর্শও রেকর্ড করা হচ্ছে।

উল্লেখ্য, ২০১৭ সালে রাজ্য সরকার হোমস্টে নীতি তৈরি করেছিল। এরপর হোমস্টেগুলির উন্নতিতে রাজ্যের তরফে তাদের আর্থিক সহায়তা করা ছাড়াও পরিষেবার মান নিয়ে সমীক্ষার কাজ শুরু হয়। সেপ্টেম্বর মাস পর্যন্ত রাজ্যের ২৩টি জেলায় হোম স্টে রয়েছে ২ হাজার ৩৭৩টি। এরমধ্যে সবথেকে বেশি এক হাজার ৭০টি হোম স্টে রয়েছে কালিম্পাং জেলায়।

০০০০০০০০০০০০০০০০০০০০

সিবিএসই-র দশম ও দ্বাদশ শ্রেণির আগামী বছরের পরীক্ষার পূর্ণাঙ্গ সময়সূচি প্রকাশিত হয়েছে। আগামী ১৫ই ফেব্রুয়ারি থেকে শুরু হবে লিখিত পরীক্ষা। দশম শ্রেণির পরীক্ষা শেষ হবে ১৮ মার্চ। দ্বাদশ শ্রেণির পরীক্ষা চলবে ৪ঠা এপ্রিল পর্যন্ত। সিবিএসই -র অফিসিয়াল ওয়েবসাইটে গতরাতে পরীক্ষার দিনক্ষণ প্রকাশ করা হয়। দুটি শ্রেণীরই পরীক্ষা শুরু হবে সকাল সাড়ে ১০টা থেকে। বোর্ডের তরফে জানানো হয়েছে, এই প্রথমবার ৮৬ দিন আগে প্রকাশিত হল পরীক্ষার পূর্ণাঙ্গ সময়সূচি। তবে পরীক্ষার ফলপ্রকাশের দিনক্ষণ এখনও ঘোষিত হয়নি।

০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তরবঙ্গ মেডিকেল কলেজে থ্রেট কালচারে অভিযুক্ত পাঁচ পড়ুয়ার শাস্তি মুকুবের প্রতিবাদে জুনিয়ার চিকিৎসকরা গতকাল কলেজের অধ্যক্ষের ঘরের সামনে বিক্ষোভ দেখান। আদালতের রায়ে তারা হতাশ বলে জানিয়েছেন চিকিৎসকরা। বিক্ষোভকারীদের দাবি যথাযথ রীতি মেনেই কলেজ কাউন্সিল এদের সাসপেন্ড করেছে।

(বাইট – ডাক্তার)

এদিকে তৃণমূল কংগ্রেস নেতা কুনাল ঘোষ বলেছেন, আদালতের নির্দেশ না মেনে পাল্টা কর্তৃপক্ষের ওপর চাপ সৃষ্টি করাও হুমকি সংস্কৃতিরই সামিল।

(বাইট – কুনাল)

উল্লেখ্য, গত মঙ্গলবার কলকাতা হাইকোর্ট, ওই পাঁচ পড়ুয়ার সাসপেনশনের ওপর স্থগিতাদেশ দেয়। বিচারপতি জয় সেনগুপ্ত আবেদনকারীদের সায়িক স্বস্তি জানান, আপাতত ক্লাস করা ও পরীক্ষায় বসার ক্ষেত্রে কোন বাধ থাকছে না। তবে, অন্য কোন কাজে তারা কলেজে যেতে পারবেন না।

অন্যদিকে, আর জি কর হাসপাতালে তরুণী পিজিটি চিকিৎসককে ধর্ষণ ও খুনের ঘটনায় শিয়ালদা আদালতে গতকাল সেন্ট্রাল ফরেনসিক ল্যাবরেটরির তিন বিশেষজ্ঞের স্বাক্ষর গ্রহণ করা হয়। এঁরাই নমুনা সংগ্রহ ও পরীক্ষার কাজ করেছিলেন।

এদিকে, স্বাস্থ্য পরিকাঠামো সংক্রান্ত বিভিন্ন বিষয়ে কথা বলতে চেয়ে সরকারি হাসপাতাল ও মেডিকেল কলেজের সিনিয়র চিকিৎসকরা রাজ্য সরকারকে চিঠি দিয়েছেন। মুখ্য সচিব মনোজ পন্থকে লেখা এই চিঠিতে চিকিৎসকদের নিরাপত্তা, সুরক্ষা এবং হাসপাতালগুলিতে রাজ্য সরকারের গৃহীত বিভিন্ন প্রকল্পের অগ্রগতি নিয়ে আলোচনার জন্য চিকিৎসকরা সময় চেয়েছেন বলে নবান্ন সূত্রের খবর।

০০০০০০০০০০০০০০০০০০০০

আরজিকর কাণ্ডের আবহে কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রকের ৮ সদস্যের প্রতিনিধি দল দক্ষিণ ২৪ পরগনার বিভিন্ন হাসপাতাল ঘুরে দেখছে। জাতীয় স্বাস্থ্য মিশনের অধীন বিভিন্ন প্রকল্পের কাজের অগ্রগতি খতিয়ে দেখছে দলটি। এই দলের সঙ্গে আছে রাজ্য স্বাস্থ্য ভবনের আধিকারিকরা। গতকাল দলটি ডায়মন্ড হারবার স্বাস্থ্য জেলার কুলপি, নামখানা ব্লক প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র ও কাকদ্বীপ মহকুমা হাসপাতাল ঘুরে দেখেন। আজ ডায়মন্ড হারবার মেডিক্যাল কলেজ ও হাসপাতাল ঘুরে দেখবেন তাঁর। ডায়মন্ড হারবার হাসপাতালে জাতীয় স্বাস্থ্য মিশনের অধীন একাধিক প্রকল্প চলছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদারকে গ্রেপ্তার করে রাজ্য সরকার কাপুরুষতার পরিচয় দিয়েছে বলে কেন্দ্রীয় মন্ত্রী গিরিরাজ সিং দাবি করেছেন। কলকাতায় গতকাল সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি অভিযোগ করেন, মমতা

ব্যানার্জির সরকার গণতান্ত্রিক পরিকাঠামোকে মানে না। তাই সুকান্ত মজুমদারকে এইভাবে গ্রেপ্তার করা আইনের অবমাননা। তাই মমতা ব্যানার্জির সরকার যতদিন ক্ষমতায় থাকবে রাজ্যে কোন আইন শৃঙ্খলা থাকবে না।

(বাইট)

উল্লেখ্য, শ্রী সিং আজ কলকাতায় বস্ত্র শিল্পের প্রতিনিধিদের সঙ্গে বৈঠক করবেন।

আগেই জানানো হয়েছে গোষ্ঠী সংঘর্ষের অভিযোগের প্রেক্ষিতে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী, বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার মুর্শিদাবাদের বেলডাঙ্গায় যাবার পথে পুলিশ নদীয়ার কৃষ্ণনগরে দ্বিজেন্দ্র সেতুর সামনে তাঁকে আটকে দেয়। প্রতিবাদে রাস্তায় বসে পড়ে পুলিশ প্রশাসনের বিরুদ্ধে ক্ষোভ ব্যক্ত করেন সুকান্ত বাবু। পুলিশ তাঁকে এবং কয়েকজন বিজেপি কর্মীকে কোতোয়ালী থানায় নিয়ে যায়। এরপর ব্যক্তিগত বন্ডে ছাড়া পান তাঁরা।

এদিকে, তৃণমূল কংগ্রেসের রাজ্য সম্পাদক কুনাল ঘোষ, মণিপুরের পরিস্থিতি অত্যন্ত উদ্বেগজনক হলেও সেখানে বিজেপি নেতারা কেন যাচ্ছেন না, সেই প্রশ্ন তুলেছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০

বেপরোয়া গতিতে গাড়ি চালিয়ে এক বৃদ্ধাকে ধাক্কা দেওয়ার ঘটনায় তৃণমূল কংগ্রেস কাউন্সিলারের ছেলেকে গ্রেফতারের পর থানা থেকেই জামিন দেওয়ায় বিতর্ক সৃষ্টি হয়েছে। সিপিআইএম-এর কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী বলেছেন, পরিকল্পিতভাবে জামিনযোগ্য ধারায় মামলা রুজু করে তাকে মুক্তি দেওয়া হয়েছে।

(বাইট – সুজন)

এদিকে, তৃণমূল কংগ্রেস নেতা কুনাল ঘোষ বলেছেন, এটা নিছকই দুর্ঘটনা। এই নিয়ে রাজনীতি অপ্রয়োজনীয়।

উল্লেখ্য, গতকাল রবীন্দ্র সরোবর থানা এলাকায় রাস্তা পার হওয়ার সময় ৭০ বছরের বৃদ্ধাকে ধাক্কা মারে কলকাতা পুরসভার ৯৯ নম্বর ওয়ার্ডের কাউন্সিলারের ছেলে শুদ্ধসত্ত বন্দ্যোপাধ্যায়।

০০০০০০০০০০০০০০০০০০০০

৫৫-তম আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের মঞ্চ থেকে 'প্রসার ভারতী'-র ওটিটি প্ল্যাটফর্ম ওয়েভস-এর উদ্বোধন হয়েছে। এই প্ল্যাটফর্মে বিভিন্ন ভাষায় সংবাদ, বিনোদন, সিনেমা, টিভি শো এবং গেমস এর পাশাপাশি বিভিন্ন টিভি চ্যানেল দর্শকরা পাবেন।

এর আগে ডঃ শ্যামাপ্রসাদ মুখার্জি ইন্ডোর স্টেডিয়ামে তারকাখচিত অনুষ্ঠানের মধ্য দিয়ে উৎসবের সূচনা হয়। উৎসব চলবে এ মাসের ২৮ তারিখ পর্যন্ত।

০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০